



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইল: [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

অভিযোগ নং-সুয়োমটো ঢা.৩৫/২২

অভিযোগকারী -

জাতীয় মানবাধিকার কমিশন

বনাম

প্রতিপক্ষ -

ক্রমিক নং	তারিখ	আদেশ	মন্তব্য
০১	২৬/১২/২০২২	<p>গত ২৫ ডিসেম্বর ২০২২ তারিখ দৈনিক সমকাল পত্রিকায় “নান্দাইলে এসে দলবদ্ধ ধর্ষণের শিকার ভালুকায় তরুণী” শিরোনামে প্রকাশিত সংবাদ প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।</p> <p>প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, ময়মনসিংহের নান্দাইল উপজেলায় দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ভালুকায় এক তরুণী। গত ২৩ ডিসেম্বর তাঁকে বাড়ি পৌঁছে দেওয়ার কথা বলে নান্দাইলের দেওয়ানগঞ্জ বাজারে ধর্ষণ করা হয়। ভুক্তভোগীর অভিযোগ, নান্দাইলের খারুয়া ইউনিয়নের কোনাবাড়ীর সুমন মিয়া ওরফে বেকার সুমন মোটরসাইকেলে ভাড়ায় যাত্রী পরিবহন করে। ভালুকায় পৌঁছে দেওয়ার কথা বলে সুমন দেওয়ানগঞ্জ বাজারে নিয়ে যায়। পরে বাজার থেকে কিছুটা দূরে নির্জনে সুমন, আমানুল্লাহসহ কয়েকজন তাঁকে ধর্ষণ করে মন্দিরের পাশে রেখে পালিয়ে যায়। বর্তমানে বাবার বাড়ি ভালুকায় অবস্থান করছেন ওই তরুণী। তিনি বলেন, এ ঘটনার রাতেই তিনি খারুয়া ইউপি চেয়ারম্যান কামরুল হাসনাত মিন্টুর কাছে গিয়ে বিচার চান। ইউপি চেয়ারম্যান সহায়তা না করে হাতে কিছু টাকা ধরিয়ে বাড়ি চলে যেতে বলেন। পরে নান্দাইল থানায় অভিযোগ দিতে গেলে চেয়ারম্যানের লোকজনের বাধার কারণে অভিযোগ দিতে পারেননি। এদিকে ২৩ ডিসেম্বর রাতে নান্দাইল উপজেলার মোয়াজ্জেমপুর ইউনিয়নের একটি গ্রামের ওয়াজ মাহফিলে গিয়ে ধর্ষণের শিকার হয়েছে এক শিশু। স্থানীয়রা জানান, ওয়াজ মাহফিল উপলক্ষে শিশুটি নানাবাড়ি এসেছিল। মাহফিলের পাশে মেলায় দোকান বসিয়ে বেলুন বিক্রি করছিল স্থানীয় এক কিশোর। সন্ধ্যার পর শিশুটি দোকানে গেলে বেলুনের লোভ দেখিয়ে তাকে ধর্ষণ করে। শিশুটির কান্না শুনে অন্যরা এসে পা বেয়ে রক্ত পড়তে দেখেন। এরপর উপস্থিত লোকজন কিশোরকে চড়থাপ্পড় দিয়ে ছেড়ে দেন। আর শিশুটিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠান। নান্দাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা. আকাইদ হোসেন জানান, প্রথমে মারামারিতে আহতের তথ্য দিয়ে শিশুটিকে ভর্তি করা হয়। পরে তার মা প্রকৃত ঘটনা বললে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টারে পাঠানো হয়।</p> <p>একটি উপজেলায় একই দিনে দুইটি ধর্ষণের মতো ঘটনার পরও থানায় মামলা না হওয়া এবং ভুক্তভোগী তরুণী থানায় মামলা করতে গিয়ে ইউপি চেয়ারম্যানের লোকজনের বাধার কারণে মামলা করতে না পারার বিষয়টি অত্যন্ত উদ্বেগজনক ও মানবাধিকারের লঙ্ঘন মর্মে কমিশন মনে করে। বর্ণিত অভিযোগের বিষয়ে থানা কর্তৃপক্ষ কী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছে তা কমিশনকে অবহিত করতে পুলিশ সুপার, ময়মনসিংহ-কে বলা হল। আদেশের অনুলিপি পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা-কে প্রেরণ করা হল।</p> <p>পরবর্তী তারিখ ১৯/০২/২০২৩ প্রতিবেদনের জন্য।</p> <p>স্বাক্ষরিত/- ড. কামাল উদ্দিন আহমেদ সভাপতি বেঞ্চ-১ জাতীয় মানবাধিকার কমিশন</p>	


স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/সুয়োমটো ঢা.৩৫/২২- ৪০২৫ (২)

তারিখ: ২৬/১২/২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ০৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০।
- পুলিশ সুপার, ময়মনসিংহ

সংযুক্তঃ ফর্দ।

  
(সুমিতা হােক)  
উপপরিচালক

ফোন:-০২-৫৫০১৩৭২১